প্রবীণ ব্যক্তিদের প্রতি আর্থিক অপব্যবহার এড়াতে তাদের সহায়তা করা

প্রবীণদের প্রতি আর্থিক অপব্যবহার মানে কী?

আমরা জানি যে ৫০ ঊর্ধ্ব বয়সের ব্যক্তিরা আর্থিক অপব্যবহার, প্রতারণা এবং জালিয়াতির শিকার হবার ঝুঁকিতে থাকেন। এটাকে বলা হয় প্রবীণদের প্রতি আর্থিক অপব্যবহার। আর্থিক অপব্যবহারের ক্ষেত্রে একজনের অর্থ বা সম্পত্তি তার পরিচিত ব্যক্তিদের দ্বারা অবৈধ বা অনুচিতভাবে ব্যবহৃত হয়ে থাকে। এই অপব্যবহারের ধরন অনেক রকম হতে পারে এবং যে কারোর সঙ্গেই এমনটা ঘটতে পারে, অনেকসময় আপনি যেমন মনে করেন তার চেয়ে অনেক কম বয়সের কারোর সাথেও ঘটতে পারে।

প্রবীণদের প্রতি প্রায়ই ঘটে যাওয়া আর্থিক অপব্যবহারের ধরন সমূহ

প্রবীণদের প্রতি আর্থিক অপব্যবহার অনেক ধরনের হতে পারে। এবং এটা তার সঙ্গে বার বার ঘটতে বা একবারই ঘটতে পারে, এতে হুমকি বা এমনকী উপযুক্ত পদক্ষেপ করার অভাবও থাকতে পারে। এখানে কিছু প্রায়ই ঘটে যাওয়া অপব্যবহারের কথা বলা হয়েছে:

অন্যায়ভাবে মোক্তারনামাতে স্বাক্ষর করিয়ে নেওয়া

এরকম ঘটতে পারে যখন আপনার অনুমোদিত কোনো ব্যক্তি (আপনার উকিল) আপনার অর্থ বা সম্পদ তাদের নিজের জন্য অন্যায়ভাবে ব্যবহার করে।

চাপ সৃষ্টি করা, হুমকি দেওয়া এবং ভয় দেখানো।

এমনটি ঘটে যখন কেউ আপনার সম্পদ তাদের নামে করতে আপনাকে স্বাক্ষর করতে বাধ্য করার চেষ্টা করে বা আপনার সম্পদের উইলে থাকার দাবি করে।



জালিয়াতি এবং প্রতারণা

এগুলি ঘটে যখন কেউ ইচ্ছাকৃতভাবে আপনার কাছে অত্যন্ত বিশ্বাসী হয়ে ওঠার চেষ্টা করে যাতে সে আপনার অর্থ চুরি করতে পারে।

পারিবারিক চুক্তির অপব্যবহার

এরকম ঘটে থাকে যখন অর্থ এবং সম্পত্তির ব্যাপারে আপনার পরিবারের সাথে করা আনুষ্ঠানিক নয় এমন চুক্তি ভঙ্গ করা হয় অথবা সুযোগের অপব্যবহার করা হয়।



আর্থিক তহবিলের ভুল অন্যায় ব্যবহার

এরকম ঘটে যখন আপনার অনুমোদিত ব্যক্তি, যাকে আপনি নির্দিষ্ট শর্ত সাপেক্ষে আপনার অর্থ ব্যবহার জন্য অনুমোদন দিয়েছেন, শর্তভঙ্গ করে ভিন্নভাবে ব্যবহার করে।



আবেগজনিত ফাঁদ

এরকম ঘটে যখন জোর করে আর্থিক সুবিধা আদায় করতে কেউ হুমকি প্রদান করে যেমন ঋণ না দেওয়া অবধি সেই বয়স্ক ব্যক্তির নাতি/নাতনিদের সঙ্গে তাকে সাক্ষাৎ করতে না দেয়া।



উত্তরাধিকারীদের অধৈর্য হয়ে পড়া

এরকম ঘটে যখন আপনার সম্পত্তি এবং অর্থের প্রতি প্রাপ্তবয়স্করা, সচারচর পরিবারের সদস্যগণ নিজেদের উত্তরাধিকারী হিসেবে মনে করেন এবং সে কারণে আপনার কাছে থেকে সেগুলি নিজেদের অধিকারে নেবার চেষ্টা করে।

ঋণের জামিনদার হিসেবে অপ্রত্যাশিত অবস্থার সম্মুখীন হওয়া

কখনো কোনও খারাপ অভিপ্রায় না থাকা সত্ত্বেও, ঋণ না পরিশোধ হওয়ার প্রেক্ষিতে ঋণের জামিনদার হিসেবে আপনি বাড়ি এবং অন্যান্য সম্পত্তি হারাতে পারেন।

প্রতিশ্রুত সেবা প্রদানে ব্যর্থতা

প্রতিশ্রুত সেবা প্রদানে ব্যর্থতা।



কারা ঝুঁকির মধ্যে রয়েছেন?

প্রবীণদের প্রতি আর্থিক অপব্যবহার যে কোনো ব্যক্তির প্রতিই হতে পারে, তবে এর মধ্যেও কিছু গোষ্ঠী রয়েছে যারা অন্যদের চেয়ে বেশি ঝুঁকির মধ্যে রয়েছেন। এর মধ্যে রয়েছে:

- একা বা বিচ্ছিন্ন থাকেন যে সব ব্যক্তি
- শারীরিক বা মানসিক প্রতিবন্ধী ব্যক্তিরা
- ভাষার সীমাবদ্ধতা বা সাংস্কৃতিক প্রতিবন্ধকতার কারণে অর্থের ব্যবহার সম্পর্কে সীমিত জ্ঞান রয়েছে বা একেবারেই বোঝেন না এমন ব্যক্তিরা
- LQBTIQ+ সম্প্রদায়ের ব্যক্তিরা
- যে সমস্ত ব্যক্তি তাদের যত্নের জন্য অন্যের উপর একেবারেই নির্ভরশীল
- যে সমস্ত ব্যক্তি অতীতে অন্য ধরনের অপব্যবহারের শিকার হয়েছেন।

আর্থিক অপব্যবহার চিহ্নিত করা

এই বিষয়টির ব্যাপকতা বেড়ে চলা সত্ত্বেও, প্রবীণদের সাথে ঘটে থাকা আর্থিক অপব্যবহারের ঘটনা চিহ্নিত করা এবং শনাক্ত করা কঠিন হয়ে পড়ে কারণ প্রায় সময়েই এটি লুকিয়ে করা হয় বা কমিয়ে বলা হয়।

এইসব কারণে, আর্থিক অপব্যবহারের ব্যাপারে কথা বলার সময় সাধারণত লোকেরা বিব্রত হন, দ্বন্দ্ব ও দুশ্চিন্তায় ভোগেন ও বিভ্রান্ত বোধ করেন। আর্থিক অপব্যবহারের অভিজ্ঞতা হয়েছে এমন লোকেদের পক্ষে এটি শনাক্ত করা এবং নিয়ন্ত্রণ করা এবং/অথবা নিজের এবং অন্যদের কাছে স্বীকার করা প্রায়ই কঠিন হয়ে ওঠে।

সতর্কতামূলক লক্ষণগুলি বিবেচনা করুন:

1. **অর্থ উত্তোলনের লেনদেনসমূহ যেটা আপনার কাছে সন্দেহজনক মনে হয়**



2. **ভাষাগত প্রতিবন্ধকতার কারণে আর্থিক ব্যাপারগুলি বোঝা আপনার পক্ষে কঠিন হয়ে ওঠে**



3. **আপনার কাছে যে ব্যাংক হিসাবের বিবরণী রয়েছে সেটা অসম্পূর্ণ অথবা বিভ্রান্তিকর**

4. **আপনি কারোর সঙ্গে ঘনিষ্ঠ ভাবে সম্পর্কিত বা কারোর দ্বারা নিয়ন্ত্রিত জীবনযাপন করেন এবং বিশ্বাস করেন যে সেই ব্যক্তি যা বলেছে অবশ্যই তা আপনাকে করতে হবে**



5. **আপনার অর্থের উপর কোনো ব্যক্তির কোনো কর্তৃত্ব না থাকা সত্ত্বেও, আর্থিক প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলনের সময় আপনাকে সঙ্গ প্রদান করেন**



6. **অন্য কেউ আপনার হয়ে ব্যাঙ্কের টাকা তোলার ফর্ম পূরণ করে থাকে**

প্রবীণদের প্রতি অপব্যবহার সম্পর্কে জানানোর ফোন লাইন

আপনার যদি কোনও আশঙ্কা বা উদ্বেগ থাকে অনুগ্রহ করে ১৮০০ এলডারহেল্প (১৮০০ ৩৫৩ ৩৭৪) এই নম্বরে ফোন করে যোগাযোগ করুন।

এটি একটি বিনামূল্যে কল করার ফোন নম্বর যেখানে প্রবীণদের প্রতি অত্যাচার সম্পর্কে পরামর্শ ও নানা তথ্য সরবরাহ করা হয়। আপনার ফোন স্বয়ংক্রিয়ভাবে আপনার এলাকাতে বিদ্যমান এই সংস্থার ফোন লাইন পরিষেবায় সংযুক্ত হয়ে যাবে। এই ফোন লাইন রাজ্য এবং আঞ্চলিক সরকারের যুগ্ম সহযোগিতায় প্রতিষ্ঠিত হয়েছে।

প্রবীণদের প্রতি অত্যাচারের সম্পর্কে জানানোর ফোন লাইনগুলি কোনো সংকট সমর্থন পরিষেবা নয়, এবং পরিচালন সময় এবং সেবাসমূহ স্থানভেদে ভিন্ন হতে পারে।

আপনার আর্থিক বিষয়ে আপনার কোন উদ্বেগ বা আশঙ্কা দেখা দিলে অনুগ্রহ করে আপনার আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করুন। আপনি চাইলে আপনার আর্থিক প্রতিষ্ঠানের স্থানীয় ব্যবস্থাপক এই ব্যাপারে একান্তে আপনার সাথে কথা বলবেন।

প্রবীণদের প্রতি আর্থিক অপব্যবহার এবং প্রতারণা-জনিত ঘটনা এবং জালিয়াতির সম্পর্কে আরও তথ্য জানতে আপনি কমনওয়েলথ ব্যাংকের ওয়েবসাইট থেকে সেফ অ্যান্ড স্যাভি গাইড ডাউনলোড করে নিতে পারেন।

দ্রষ্টব্য: এই নথিটি অন্যান্য ভাষাতেও সহজলভ্য।